২২ হাজারের বেশি পর্নোগ্রাফি সাইট বন্ধ করা হয়েছে : বিটিআরসি

চেম্বার ডেস্ক :: ফেসবুকসহ সামাজিক যোগাযোগমাধ্যমে সংঘটিত অপরাধ প্রতিরোধে ২২ হাজারের বেশি পর্নোগ্রাফি ও জুয়ার সাইট বন্ধ করেছে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)।

সোমবার (৬ সেপ্টেম্বর) এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানিয়েছে বিটিআরসি। সংবাদ সম্মেলনে জানানো হয়, ইতোমধ্যেই ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বারের নির্দেশক্রমে বাংলাদেশ থেকে ২২,০০০ এর অধিক পর্নোগ্রাফিক এবং অনলাইন জুয়ার সাইটে প্রবেশ বন্ধ করা হয়েছে।

বিটিআরসি জানায়, দেশে মোবাইলফোন এবং ইন্টারনেটের ব্যবহার বেড়েছে। ইতোমধ্যে চালু হয়েছে থ্রিজি ও ফোর-জি। এছাড়াও সামাজিক যোগাযোগ মাধ্যম সমূহেরও ব্যবহার বৃদ্ধি পেয়েছে। এতে বিভিন্ন ওয়েবসাইট এবং সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে ইতিবাচক সুবিধার পাশাপাশি এর অপব্যবহার বাড়ছে। এসব ওয়েবসাইট এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে সরকারবিরোধী, রাষ্ট্রবিরোধী, সামাজিক, রাজনৈতিক, পর্নোগ্রাফি, সাংস্কৃতিক কিংবা ধর্মীয় বিষয়ে উস্কানিমূলক ও উগ্রবাদী কন্টেন্টসহ বিভিন্ন রকম আপত্তিকর কন্টেন্ট প্রচার করা হচ্ছে যা প্রতিদিন আশঙ্কজনক হারে বৃদ্ধি পাচ্ছে।

এছাড়াও বিটিআরসি জানায়, শিশু ও কিশোররা এসব সামাজিক যোগাযোগ মাধ্যম এবং অনলাইনে গেমস খেলার কারণে তাদের পড়াশোনায় ব্যাঘাত সৃষ্টির পাশাপাশি স্বাভাবিক মানুষিক বিকাশ ব্যাহত হচ্ছে।

এর আগে ২২ হাজার পর্নোসাইট ও চার হাজার জুয়ার সাইট বন্ধ করা হবে বলে জানিয়েছিলেন ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বার।